47

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... OCT. 1 2 1999 ..
পৃষ্ঠা ১৩ কলাম ২....

## রেফার্ড পরীক্ষা সম্পর্কে সঠিক তথ্য চাই

কয়েকদিন আগে দৈনিক ইনকিলাবের চিঠিপত্র কলামের মাধ্যমে জানতে পারলাম যে, এসএসসি/এইচএসসি ও ডিগ্রী পরীক্ষার ক্ষেত্রে যারা ১ বিষয়ে ফেল করবে তারা পরবর্তীতে শুধু ঐ বিষয়েই পরীক্ষা দিয়ে ডিভিশন নিয়ে (প্রাপ্ত নম্বর অনুযায়ী) পাস করবে। কিন্তু প্রশ্ন হলো, এটা কতটুকু সত্য? এবং এসএসসি'র জন্য কোন্ সাল থেকে/এইচএসসি'র জন্য কোন্ সাল থেকে এবং ডিগ্রীর জন্য কোন্ সাল থেকে এই কার্যক্রম চালু করা হবে বা হয়েছে? আরো প্রশ্ন হলো, এভাবে পরীক্ষা দ্বারা পাস করে যে সার্টিফিকেট তৈরী হবে তা দ্বারা কি ভবিষ্যতে এসব ছাত্র-ছাত্রীর ভাল কোন চাকরির ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি হবে? যদি হয়ে থাকে তাহলে এই উদ্যোগ কেন গ্রহণ করা হলো? দেখা গেছে যে, অন্যান্য বিষয়ে খুব ভাল নম্বর পেয়েও অসুস্থতা বা অন্য কোন কারণে শুধুমাত্র ৩ অথবা ৪-এর জন্য ১ বিষয়ে ফেল করে কোন ছাত্র মানসিকভাবে খুব দুর্বল হয়ে পড়েছে এবং হতাশায় ভুগছে। তাহলে তারা রেফার্ড পরীক্ষা দেয়ার ফলে কেন ভাল চাকরি করতে পারবে না? তাছাড়া মেয়েদের জন্য এই নিয়মটা আরো বেশী আশীর্বাদ বয়ে আনবে বলে আমরা মনে করি। কারণ, সাংসারিক কাজের চাপে পড়ালেখা বেশী করতে পারে না বলে তাদের জন্য রেফার্ড পরীক্ষা দেয়াটা খুবই আনন্দের বিষয়। এতদসম্পর্কে কর্তৃপক্ষের নিকট সঠিক তথ্য চাই।

—সুইটি, চৈতী,
টঙ্গী সরকারী কলেজ, টঙ্গী